



সরকারি/বেসরকারি মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে মেরিন ক্যাডেট প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি



সরকারি/বেসরকারি মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে মেরিন ক্যাডেট প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

আবেদন করতে ভিজিট করুন www.dos.gov.bd

নিম্নবর্ণিত মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২০২৪-২০২৫ সালে ক্যাডেট ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ:

১. বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যা: পুরুষ - ১৬০ জন ও মহিলা - ২০ জন)।
২. বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা (আসন সংখ্যা: পুরুষ - ৫০ জন)।
৩. বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল (আসন সংখ্যা: পুরুষ - ৭০ জন)।
৪. বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর (আসন সংখ্যা: পুরুষ - ৭০ জন)।
৫. বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট (আসন সংখ্যা: পুরুষ - ৫০ জন)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান:

১. মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যা: পুরুষ - ৭০ জন ও মহিলা - ১০ জন)।

নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ:

১. ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, ঢাকা (আসন সংখ্যা: পুরুষ - ৭০ জন)।
২. গভেস্টার্লি মেরিটাইম একাডেমি, ঢাকা (আসন সংখ্যা: পুরুষ - ৫০ জন)।
৩. মাস মেরিন একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যা: পুরুষ - ৪০ জন)।

বিঃদ্র: প্রয়োজনীয়তা বিবেচনা করে সরকার আসন সংখ্যা কম বেশি করতে পারে।

আবেদনের যোগ্যতা:

- বয়স: ০১-০১-২০২৫ খ্রি: তারিখ সর্বোচ্চ ২২ বছর (পুরুষ/মহিলা)
- শিক্ষাগত যোগ্যতা: এসএসসি এবং এইচএসসি অথবা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিপিএ ৩.৫০ প্রাপ্ত হয়ে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি অথবা সমমান পরীক্ষায় পদার্থবিদ্যা ও গণিত বিষয়ে আলাদাভাবে ন্যূনতম ৩.৫০ এবং ইংরেজী বিষয়ে ন্যূনতম ৩.০ প্রাপ্ত হয়ে উত্তীর্ণ হতে হবে। ইংরেজীতে ৩.০০ এর কম থাকলে IELTS পরীক্ষায় সামগ্রিকভাবে ৫.৫ স্কোর থাকতে হবে। ইংলিশ মিডিয়াম অন্তর্ভুক্ত পাঠ্যক্রমের ক্ষেত্রে পদার্থবিদ্যা ও গণিতসহ ন্যূনতম C গ্রেডে A-Level সনদপ্রাপ্ত এবং পদার্থবিদ্যা, গণিত, ইংরেজীসহ কমপক্ষে ৫ টি বিষয় নিয়ে ন্যূনতম C গ্রেডে O-Level সনদপ্রাপ্ত অথবা সমমানের হতে হবে।
- ২০২৪ সালের এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় অংশগ্রহণকারীগণ Appeared হিসাবে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন, তবে এইচএসসি রেজাল্টে অনুচ্ছেদ (খ) এ বর্ণিত ন্যূনতম যোগ্যতা না থাকলে বিবেচনা না নেওয়া হবে না।
- ন্যূনতম উচ্চতা ও ওজন: পুরুষ - ৫' ৪" এবং মহিলা ৫' ২"। ওজন BMI চার্ট মোতাবেক ন্যূনতম ১৭ থেকে সর্বোচ্চ ২৫ (যেমন - ৫'-৪" : ৪৫-৬৬ কেজি বা ৫'-৬" : ৪৮-৭০ কেজি)।
- দূরিক্ষেত্র: খালি চোখে নটিক্যাল ক্যাডেটদের জন্য ৬/৬; ইঞ্জিনিয়ারিং ক্যাডেটদের জন্য ৬/১২ (চশমাসহ অবশ্যই ৬/৬ হতে হবে) আবেদনকারীকে অবশ্যই বর্ণাঙ্কনমুক্ত হতে হবে।
- সাঁতার: ন্যূনতম ৬০ মিটার একটানা অতিক্রমে সক্ষমতা। সাঁতারে প্রয়োজনীয় দক্ষতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।
- অন্যান্য: আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক এবং অবিবাহিত হতে হবে।

চূড়ান্ত নির্বাচন পদ্ধতির ধাপসমূহ:

এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নিম্নলিখিতভাবে প্রার্থী নির্বাচন করা হবে:

- এসএসসি / সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুণ = ৭৫ নম্বর (সর্বোচ্চ);
- এইচএসসি/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুণ = ১২৫ নম্বর (সর্বোচ্চ);
- লিখিত পরীক্ষা নৈর্ব্যক্তিক (MCQ পদ্ধতি) = ৮০ নম্বর;
- মৌখিক পরীক্ষা = ২০ নম্বর;
- সর্বমোট = ৩০০ নম্বর ;
- লিখিত পরীক্ষায় পাস নম্বর ৪০%।
- নৈর্ব্যক্তিক (MCQ পদ্ধতি) ৮০ নম্বর এর বিষয় ভিত্তিক নম্বর বিভাজনঃ পদার্থ বিজ্ঞান-২০, গণিত -২০, বাংলা- ১০, ইংরেজী - ২০, বাংলাদেশ ও সাধারণ জ্ঞান - ১০।
- নৈর্ব্যক্তিক পরীক্ষায় মোট ১৬০ টি প্রশ্ন থাকবে। প্রতিটি সঠিক উত্তরের নম্বর ০.৫০। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.১২৫ কাটা যাবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা গ্রাথমিক শারীরিক পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং শারীরিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনলাইনে আবেদন পদ্ধতি:

নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইট (dos.gov.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন করতে কোন সমস্যা হলে descadet.solutionart.net এর মাধ্যমেও আবেদন করা যাবে। আবেদনের নির্দেশিকা বর্ণিত ওয়েবসাইটে প্রদান করা হয়েছে।

প্রয়োজনে যোগাযোগ: ০১৮১০০০১১৯০, ০১৮১৫৩০০৫৯৭।

আবেদনের শুরু তারিখ:

১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:

আবেদনের শেষ তারিখ:

৩১ অক্টোবর ২০২৪ খ্রি:

লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্র:

লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্র পরবর্তীতে এসএমএস ও ই-মেইলের মাধ্যমে জানানো হবে।

বিশেষ নির্দেশনা:

সরকারি মেরিন একাডেমি হতে পাশকৃত ক্যাডেটদের জাহাজে শিক্ষানবিশকাল প্রশিক্ষণ প্রান্তির ক্ষেত্রে স্ব ই একাডেমি সকল ধরনের সহযোগিতা করবেন। বেসরকারি মেরিন একাডেমি কর্তৃপক্ষ ক্যাডেটদের জাহাজে শিক্ষানবিশকাল প্রশিক্ষণ নিতে বাধ্য থাকবে।

সতর্কতা বাণী:

!!! কোন ব্যক্তি ভর্তির নিশ্চয়তা দিয়ে আপনার নিকট অর্থ দাবী করলে নিশ্চিত ভেদে রাখুন যে আপনি প্রতারণিত হচ্ছেন। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে!!!